অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.bppa.gov.bd

স্মারক নং: ২১.০০.০০০০.০০০.৩৯৮.২৭.০০৯১.২৬-৭১০ তারিখ: ১২/০৮/২০২৬ খ্রি.

**বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরের অধীন Superintendent, Chittagong 250 Bed General Hospital, Chattogram City Corporation, Chattogram কর্তৃক আহ্বানকৃত Procurement of Electrical Equipment for the F.Y 2025-2026, Invitation Reference No.: APP Id: 216290, Tender/Proposal Package No.: CGH/NON-MSR/Tender/2025-2026/17", Tender/Proposal ID: 1257328 শীর্ষক দরপত্র/প্রস্তাবের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৭৩(১৪) মোতাবেক রিভিউ প্যানেলে দায়েরকৃত আপিল এর সিদ্ধান্ত (রিভিউ আপীল নং ০৯১/২০২৬)।**

উপরোল্লিখিত বিষয়ে, রিভিউ প্যানেল-০৫ এর সিদ্ধান্তের অনুলিপি আপনার জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-০৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. Superintendent, Chittagong 250 Bed General Hospital, Chattogram City Corporation Chattogram-4000
৫. Mr. Engr Marufuzzaman Khan, Proprietor- Sahiel Builders & Engineers Electric Corporation, 17, Siddeshwari Lane, Dhaka- 1217
৬. অফিস কপি

# রিভিউ পিটিশন নং ৯১/২০২৬

**বিষয়:** স্বাস্থ্য অধিদপ্তরের অধীন Superintendent, Chittagong 250 Bed General Hospital, Chattogram City Corporation, Chattogram কর্তৃক আহ্বানকৃত Procurement of Electrical Equipment for the F.Y 2025-2026, Invitation Reference No.: APP Id: 216290, Tender/Proposal Package No.: CGH/NON-MSR/Tender/2025-2026/17", Tender/Proposal ID: 1257328 শীর্ষক দরপত্র/প্রস্তাবের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৭৩(১৪) মোতাবেক রিভিউ প্যানেলে আপিল দায়ের সংক্রান্ত

**বাদীঃ** প্রকৌশলী মারুফুজ্জামান খান, প্রপ্রাইটর, সাহিল বিল্ডার্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ইলেকট্রিক কর্পোরেশন, ১৭ সিদ্ধেশ্বরী রোড লেন, ঢাকা ১২১৭।

**বিবাদীঃ** ১। তত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

**রায়**

**মামলার সংক্ষিপ্ত বিবিরণীঃ**

ক্রয়কারী কর্তৃক দাখিলকৃত দরপত্র এবং নোয়া অনুসারে সর্বনিম্ন দরদাতাকে দরপত্রের সকল আইটেমের জন্য কার্যাদেশ দেয়ায় বাদী রিভিউ প্যানেলের নিকট এ অভিযোগ দাখিল করেন।

**বাদীর বক্তব্যঃ**

তত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম এ ইলেকট্রিক মালামাল সরবরাহ করার জন্য আহ্বানকৃত টেন্ডার আইডি নং ১২৫৭৩২৮ এ বাদী দরপত্র দাখিল করেন। কার্যাদেশটির মূল্য ছিল ৬,২২,৮২৪.০০ টাকা এবং চুক্তি মূল্য ১১, ২০,৪৮৪.০০ টাকা এবং নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড মূল্য ১০,২৮,৬০৪.৩১২ টাকা। তিনি উল্লেখ করেন যে, দরপত্র, নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড ও চুক্তিতে প্রদর্শিত অর্থের পরিমান ভিন্ন ভিন্ন। তিনি দাবী করেন যে, চুক্তি মোতাবেক সম্পুর্ণ মালামাল গ্রহণ করা এবং তদনুযায়ী মূল্য পরিশোধ করা দরপত্র দাতার দায়িত্ব। চুক্তি করা সত্বেও আংশিক মালামাল সরবরাহ করার কার্যাদেশ প্রদান করা বৈধ নয়। তিনি আরও উল্লেখ করেন যে, উক্ত দরপত্রে ৯ টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। তন্মধ্যে বাদীর প্রতিষ্ঠান সর্বনিম্ন হয় এবং তার অনুকুলে ১০,২৮,৬০৪.৩১২ টাকার নোয়া প্রদান করা হয়। তিনি আরও উল্লেখ করেন যে, অফিসের আর এম,ও সাহেব জানান যে, কিছু কিছু আইটেমের মালামালের দাখিলকৃত মূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশী হওয়ায় সেগুলো নেয়া যাবে না। বাদী দাবী করেন যে, চুক্তির সকল মালামাল সরবরাহ না নিলে তিনি তিন লক্ষাধিক টাকার ক্ষতির সমুক্ষিন হবেন এবং এতে চুক্তির শর্ত ভঙ্গ হবে।

**বিবাদীর বক্তব্যঃ**

বিবাদীপক্ষ শুনানীতে উপস্থিত হয়ে জানায় যে, টেন্ডারে বিভিন্ন ধরনের ইলেকট্রিক আটেমের জন্য দরপত্র আহ্বাণ করা হয়। বাদীর দাখিলকৃত দর অনুসারে সর্বনিম্ন দরদাতা। দরপ্রস্তাবের প্রাক্কলিত মূল্য ছিল ১০,৯১,৬৮০.০০ টাকা। বাদী দর দাখিল করেছে ১০,২৮,৬০৪.৩১২ টাকা। প্রাক্কলিত দর অপেক্ষা সর্বনিম্ন দাখিলকৃত দর কম। মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুযায়ী বাদী সর্বনিম্ন দরদাতা। তবে বাদী কিছু কিছু আইটেমে বেশী দর দাখিল করেছে। সে

জন্য প্রাক্কলিত দর অপেক্ষা বেশী দর দাখিল করার কারনে অতিরিক্ত দরের পণ্যগুলো বাদ দিয়ে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

**বিচার্য বিষয়ঃ**

উভয়পক্ষের দাখিলকৃত ডকুমেন্ট ও মৌখিক বক্তব্যের আলোকে এই রিভিউ প্যানেল নিম্ন বর্ণিত বিচার্য বিষয়সমূহ পর্যালোচনার জন্য গ্রহণ করেছেঃ

১। বাদীর রিভিউ পিটিশন আইনানুগভাবে গ্রহণযোগ্য কিনা;
২। বাদী প্রার্থিত প্রতকার পাইতে পারেন কিনা।
৩। বাদী প্রার্থিত প্রতিকারের বাইরে অন্য কোন প্রতিকার পাইতে পারেন কিনা।

**আলোচনা ও সিদ্ধান্ত**

বাদী দরপত্র দাখিলের পর মূল্যায়নে সর্বনিম্ন দরদাতা হওয়া সত্বেও নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড পাপ্তির পর কার্যদেশে দরপত্র অপেক্ষা কমপন্যের আদেশ দেওয়ায় বাদী আর্থিকভাবে ক্ষতির সমুক্ষন হয়েছেন বলে দাবী করেছেণ। পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ২৯(১) ধারা অনুসারে "কোন ব্যাক্তি এই আইনের অধীন ক্রয়কারীর উপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থতার জন্য ক্ষতিগ্রস্থ হইলে বা তাহার ক্ষতিগ্রস্থ হইবার সম্ভাবনা থাকিলে" তিনি কর্তৃপক্ষের নিকট অভিযোগ দাখিল করিতে পারিবেন। পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৭২ এ অনুরুপ বিধান রয়েছে। ফলে বাদী যেহেতু আর্থিক ক্ষতির সম্ভাবনা রয়েছে বলে দাবী করেছেন সেহেতু, পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ২৯(১) ধারা এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭২ বিধি অনুসারে বাদী কর্তৃক রিভিউ পিটিশন দাখিল করার আইনত অধিকার রয়েছে। ফলে রিভিউ পিটিশনটি বিচারের জন্য গ্রহণ করা হল।

নথিপত্র, উভয় পক্ষের বক্তব্য এবং প্রযোজ্য সরকারি ক্রয় বিধিমালা পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট দরপত্রের প্রাক্কলিত মূল্য ছিল ১০,৯১,৬৮০.০০ টাকা এবং রিভিউ আবেদনকারীর মোট দর ছিল ১০,২৮,৬০৪.৩১২ টাকা, যা প্রাক্কলিত মূল্যের চেয়ে প্রায় ৫.৭৮% কম। আবেদনকারী সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও কিছু কিছু আইটেমের একক দর প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশি হওয়ার কারণে উক্ত আইটেমসমূহ বাদ দিয়ে কার্যাদেশ প্রদান করা হয়েছে। পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫-এর মূলনীতি অনুসারে দরপত্র মূল্যায়ন করতে হয় দরপত্র দলিলে পূর্বনির্ধারিত শর্ত ও মূল্যায়ন-মানদণ্ডের ভিত্তিতে এবং সর্বনিম্ন দরদাতাকে চুক্তি প্রদানের জন্য বিবেচনা করতে হয়। কোনো একক আইটেম এর দর প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশি হওয়াই স্বয়ংক্রিয়ভাবে উক্ত আটেম বাদ দেওয়ার পর্যাপ্ত আইনগত ভিত্তি নেই যদি না টেন্ডার ডকুমেন্ট-এ আইটেম অনুসারে মূল্যায়নের বিধান থাকে অথবা এ ধরনের দর প্রত্যাখ্যানের স্পষ্ট বিধান থাকে।

এই মামলার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ হলো দরপত্র দলিল-এ ক্রয়প্রক্রিয়াটি আইটেম অনুসারে (item-wise) মূল্যায়ন করা হবে নাকি একটি লট (lot/package) হিসেবে মোট দরের ভিত্তিতে নির্বাচন করার কথা ছিল। পিপিআর এর standard goods tender documentation-এ আইটেম বা লট এবং মোট দরপ্রস্তাব উভয় বিষয়ই মূল্যায়নের অংশ হতে পারে; তবে মূল্যায়ন পদ্ধতি Tender Document-এ নির্ধারিত থাকতে হবে। অতএব, শুধুমাত্র কিছু আটেম এর দর প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশ এই কারণে ক্রয়কারী নিজ উদ্যোগে সেই আইটেম বাদ দিতে পারে এমন সিদ্ধান্ত আইনগতভাবে টেকসই হওয়ার জন্য Tender Document-এ তার স্পষ্ট ভিত্তি থাকা প্রয়োজন।

এই দরপত্রটি পর্যালোচনায় দেখা যায় যে, একটি লট আকারে দরপত্রটি আহভঅন করা হয়েছিল, যার দরপত্র আই,ডি নং-১২৫৭৩২৮। এখানে আলাদা আইটেম অনুসারে দরপত্র আহ্বান করা হয় নাই। অতএব, সংশ্লিষ্ট Tender Document-এ যদি স্পষ্টভাবে item-wise award-এর বিধান না থাকে এবং মোট দরটি যথাযথভাবে মূল্যায়ন করে আবেদনকারীকে সর্বনিম্ন দরদাতা  হিসেবে নির্ধারণ করা হয়ে থাকে, তাহলে শুধুমাত্র কয়েকটি আইটেম-এর দর প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশি হওয়ার অজুহাতে উক্ত আইটেম বাদ দিয়ে কার্যাদেশ প্রদান করা পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেনট বিধমালা ২০২৫ এর সাধারণ মূল্যায়ন নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় বলে প্রতীয়মান হয়।

যেহেতু লট ভিত্তিতে দরপত্র আহ্বান করা হয়েছে এবং টেন্ডার ডকুমেন্টে আইটেম অনুযায়ী মূল্যায়ন করার পদ্ধতির কোন স্পষ্ট নির্দেশনা ছিল না এবং যেহেতু দাখিলকৃত দরপ্রস্তাবে অনুসারে বাদী সর্বনিম্ন দরদাতা সেহেতু অন্য কোন বিষয় না থাকিলে দরপ্রস্তাব এবং নোয়া অনুযায়ী সকল পণ্যের জন্য কার্যাদেশ প্রদানকরা যেতে পারে।

**আদেশ**

সার্বিক বিচেনায় নিম্নরূপ আদেশ দেয়া হল-

১। দোতরফাসুত্রে রিভিউ পিটিশন মঞ্জুর করা হল। অন্য কোন অসামঞ্জস্য না থাকিলে সকল আইটেমের জন্য কার্যাদেশ প্রদান করার জন্য বিবাদীকে নির্দেশনা প্রদান করা হল।

২। প্রদত্ত জামানত ফেরত প্রদান করা যেতে পারে।

(মোঃ জাকির হোসেন)
সদস্য
রিভিউ প্যানেল-৫

(মোঃ সায়েদুর রহমান খান)
সদস্য
রিভিউ প্যানেল-৫

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-৫